৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 22 MAY 1995

পৃষ্ঠা ১ কলাম ২

# বেসরকারী প্রাথমিক শিক্ষকদের ৬-দফা পূরণের দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি গতকাল (রবিবার) জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ৩০শে মে'র মধ্যে

( ২য় পৃ: ৬-এর ক: দ্র: )

## বেসরকারী প্রাথমিক

( ১ম পৃ: পর)

প্রাথমিক শিক্ষকদের বর্ধিতহারে বেতন স্কেল ঘোষণা, বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানসহ ৬ দফা বাস্তবায়নের দাবী জানাইয়া বলিয়াছে, অন্যথায় আগামী ৭ই জুন জেলা প্রশাসক ও জেলা প্রাথমিক শিক্ষা অফিস এবং ১৫ই জুন প্রধানমন্ত্রীর কার্যালয় ঘেরাও ও স্মারকলিপি প্রদানের কর্মসূচী পালন করা হইবে। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়, গত ২৮শে জানুয়ারী খাদ্যমন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এবং শিক্ষক সমিতির নেতৃবৃন্দের মধ্যে অনুষ্ঠিত এক বৈঠকে শিক্ষকদের ৬ দফা দাবী মানিয়া নেওয়ার প্রতিশ্রুতি প্রদান করিলেও তাহা সরকার আজও বাস্তবায়ন করে নাই।

সম্মেলনে সদ্য নির্বাচিত শিক্ষক সমিতির প্রতিনিধিদের মধ্যে বক্তব্য রাখেন মহাসচিব আব্বাস আলী শেখ, সহ-সভাপতি কাজী মো: ইসমাইল, আবুবকর সিদ্দিক, আবুল হোসেন, সাংগঠনিক সম্পাদক শাহজাহান খান আলম প্রমুখ।